

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ০৫.০০.০০০০.১২০.৩০.০০৫.১০-১৪৫

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৩
২৯ মে ২০১৫

অফিস স্মারক

বিষয়: সাপ্তাহিক সরকারি গেজেট ও গেজেটের অতিরিক্ত সংখ্যা মুদ্রণ ও বিতরণ সংক্রান্ত।

মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থার সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস, নতুন নতুন দপ্তর সৃষ্টি এবং বাংলাদেশ সরকারী মুদ্রণালয়ের (বিজি প্রেস) ওয়েবসাইটে নিয়মিত গেজেট প্রকাশের ফলে মুদ্রিত গেজেটের সংখ্যা কমিয়ে আনা প্রয়োজন। এ লক্ষ্যে অত্র মন্ত্রণালয়ে ১৩-০৬-১৯৯০ খ্রিস্টাব্দ তারিখের স্মারক নং সম (মুদ্রণ)-৬মুবি-৩/৮৮-১৬২ এবং ৩১-০১-১৯৭৫ তারিখের জি-১১-২/৭৩-১২০ এর স্মারক বাতিল করা হলো। সরকারের অধীনস্থ দপ্তরসমূহে বিনামূল্যে সাপ্তাহিক ও অতিরিক্ত সংখ্যার গেজেট বিতরণে নিম্নলিখিত নিয়মাবলি অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো :

- ১.১। এই স্মারকের সাথে সংযুক্ত পরিশিষ্ট স্মারকেরই অংশ হিসাবে গন্য হবে। পরিশিষ্টে বর্ণিত তালিকা মোতাবেক জনস্বার্থে সকল সরকারি দপ্তর এবং সংশ্লিষ্ট সকলের নিকট বিনামূল্যে গেজেট/অতিরিক্ত সংখ্যার গেজেট সরবরাহ করা হবে।
- ১.২। বাংলাদেশ গেজেট বিতরণের মূল উদ্দেশ্য প্রতিটি সরকারি দপ্তর/প্রতিষ্ঠানকে বিনামূল্যে গেজেটের নূন্যতম এক কপি প্রেরণ করা এবং এর মাধ্যমে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ সরকার কর্তৃক জারীকৃত আইন, অধ্যাদেশ, নীতিমালা, সরকারি আদেশ, প্রজ্ঞাপন, বিজ্ঞপ্তি ইত্যাদি সম্পর্কে ওয়াকবহাল হতে পারেন।
- ১.৩। ১.২ নং অনুচ্ছেদে উল্লেখিত উদ্দেশ্য সাধনের প্রয়াসে প্রাপ্ত গেজেট উর্ধ্বতন কর্মকর্তা তাঁর অধঃস্তন সকল কর্মকর্তাদের পাঠ করার জন্য প্রেরণ করবেন। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা গেজেট পাঠ করার পরে প্রত্যেক দপ্তরে একটি নির্দিষ্ট শাখায় ভবিষ্যতে রেফারেন্স হিসাবে ব্যবহারের জন্য এগুলো সংরক্ষণ করবে।
- ১.৪। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরস্বতন্ত্র বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস সকল মন্ত্রণালয়/ বিভাগে বিশেষ বাহক মারফত এবং অন্যান্য স্থানে সাধারণ ডাকের মাধ্যমে গেজেট প্রেরণ করবে।
- ১.৫। বাংলাদেশ জাতীয় সংসদের সদস্যগণের গেজেট বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র সচিব বরাবরে প্রেরণ করা হবে।
- ১.৬। সশস্ত্র বাহিনীর কর্মকর্তাদের প্রাপ্তব্য গেজেট বন্টনের উদ্দেশ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করা হবে।
- ১.৭। কোন কর্মকর্তা বা দপ্তরের ঠিকানা পরিবর্তন হলে পরিবর্তিত ঠিকানা বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসকে জানিয়ে উক্ত ঠিকানা অনুসারে গেজেটে প্রেরণের জন্য অনুরোধ জানাতে হবে।
- ১.৮। পরিশিষ্টে বর্ণিত তালিকার কর্মকর্তাগণ ব্যতীত অন্য কেউ বিনামূল্যে গেজেট পাবে না। তবে ভ্রমবশত: উক্ত তালিকায় কোন দপ্তর বা কর্মকর্তার নাম বাদ পড়ে থাকলে অথবা নতুন কোন অফিস সৃজন হলে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালকের অনুমোদনক্রমে তালিকাভুক্ত হওয়া যাবে।
- ১.৯। গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিতব্য অধ্যাদেশ, আইন, এস,আর,ও ইত্যাদি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে ফরমায়েশের বিপরীতে মুদ্রিত ও প্রকাশিত হবে। প্রকাশিত সমুদয় কপি আইন ও বিচার মন্ত্রণালয়ের মাধ্যমে সংশ্লিষ্টদেরকে সরবরাহের জন্য প্রেরণ করা হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এতদসংক্রান্ত বিষয়াদির মুদ্রণের চাহিদাপত্র আইন ও বিচার মন্ত্রণালয়কে দেয়ার সময় তাদের প্রয়োজনীয় কপির সংখ্যাও উল্লেখ করবেন। অতিরিক্ত কপির প্রয়োজন হলে তা কেবলমাত্র আইন ও বিচার মন্ত্রণালয়ের অনুরোধক্রমে মুদ্রিত হবে।
- ১.১০। প্রতিবছর ৩১ জানুয়ারির মধ্যে বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসে বাৎসরিক চাঁদা পরিশোধ করে কোন ব্যক্তি বা সংস্থা গেজেটের গ্রাহক হতে পারবেন।

- ১.১১। চাঁদার বিনিময়ে যারা গেজেট গ্রাহক হবেন, তাদের প্রদত্ত ঠিকানায় সাধারণ ডাকযোগে গেজেট প্রেরণ করা হবে। অবশ্য কোন গ্রাহক ইচ্ছা করলে স্বয়ং অথবা মনোনীত প্রতিনিধির মাধ্যমে বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস হতে তাদের কপি সংগ্রহ করতে পারবেন।
- ১.১২। গেজেটের মূল্য, গ্রাহকদের চাঁদার হার, গেজেট মুদ্রণের কাগজের মান, অতিরিক্ত সংখ্যায় প্রকাশিতব্য গেজেট মুদ্রণের সংখ্যা ইত্যাদি মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক নির্ধারিত হবে।
- ১.১৩। সরকারি প্রকাশনাসমূহ বিক্রয়ের অনুমোদিত এজেন্টগণ প্রতিবছর ৩১ জানুয়ারির মধ্যে তাদের বাৎসরিক চাহিদার পরিমাণ ঢাকার তেজগাঁওস্থ বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসকে জ্ঞাত করবেন এবং নগদ মূল্যের বিনিময়ে তা সরবরাহ গ্রহণ করবেন। এজেন্টসহ সকল গ্রাহকদের বাৎসরিক চাঁদা পরিশোধের পদ্ধতি মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালক নির্ধারণ করবেন।
- ১.১৪। প্রতি বছর ফেব্রুয়ারি মাসের মধ্যে অত্র মন্ত্রণালয় কর্তৃক নিম্নবর্ণিত পদ্ধতিতে সাপ্তাহিক গেজেটের মুদ্রণ সংখ্যা নির্ধারিত হবে:
- (ক) বিনামূল্যে প্রাপকদের সংখ্যা (পরিশিষ্ট অনুযায়ী) ;
- (খ) প্রতি বছর ৩১ জানুয়ারি পর্যন্ত চাঁদার বিনিময়ে তালিকাভুক্ত গ্রাহকদের সংখ্যা ;
- (গ) এজেন্টদের নিকট বিক্রয়যোগ্য সংখ্যা ; এবং
- (ঘ) সর্বশেষ মুদ্রণযোগ্য সংখ্যার অতিরিক্ত ৫%।
- ২। উপরোক্ত নিয়মাবলির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

মো: সামশুল কিবরিয়া চৌধুরী
যুগ্মসচিব (মুদ্রণ)
জনপ্রশাসন মন্ত্রণালয়
ফোন:৯৫৪৯১৪০